AME(ICT RTHD)
26/12/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০৪২.১১-৩৬৭

তারিখ : ২৪ ডিসেম্বর ২০১৭
১০ পৌষ ১৪২৪

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান (পরিচিতি নম্বর ০০৫৪৩৪), নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা তৎকালীন সত্য ও জবাবদিহিতা কমিশনে হাজির হয়ে স্বেচ্ছাপ্রণোদিতভাবে স্বহস্তে লিখিত আবেদনে স্বাক্ষর করে জয়দেবপুর হতে দেবগ্রাম-ভুলতা-নয়াপুর বাজার হয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মদনপুর পর্যন্ত (প্রগতি স্মরণী, ঢাকা সংযোগসহ) জাতীয় মহাসড়ক নির্মাণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পে (ঢাকা-বাইপাস) বাস্তবায়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে ২টি গ্রুপের কাজে ৮,২০,২২৪/- টাকা অতিরিক্ত বিল পরিশোধ করে ঠিকাদারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট অন্য প্রকৌশলীদের সাথে একত্রিত হয়ে অর্থ আত্মসাৎ করে সরকারের ক্ষতিসাধন করার এবং ভবিষ্যতে দুর্নীতি করবেন না মর্মে শপথপূর্বক স্বীকারোক্তি প্রদান করেন। এরই ধারাবাহিকতায় গত ২১-১২-২০০৮ তারিখের ০৮/৪৪ সংখ্যক চালানের মাধ্যমে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেন;

এবং

যেহেতু প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২ ফেব্রুয়ারি ২০১১ তারিখের ০৩.০৭২.০১৭.০৪.০০.০০১.২০০৯-২৩ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী সড়ক ও জনপথ অধিদপ্তরের সত্য ও জবাবদিহিতা কমিশনে গমনকারী কর্মকর্তাদের নথিপত্র ও দলিলাদি আইন ও বিচার বিভাগ হতে সংগ্রহ করা হয়। অতপর তাদের বিষয়ে করণীয় সম্পর্কে আইন ও বিচার বিভাগের মতামত চাওয়া হলে সত্য ও জবাবদিহিতা কমিশনে স্বপ্রণোদিত হয়ে যারা দুর্নীতির কথা স্বীকার করেছেন ও উপার্জিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন এবং বর্তমানে কর্মরত আছেন তাদের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করে তদন্তে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করাই সমীচীন হবে বলে আইন ও বিচার বিভাগ মতামত প্রদান করে। একইভাবে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১২.০৪.২০০৯ তারিখের সম(বিধি-৪)-শৃং:আ:৯/২০০৯-১৪১ সংখ্যক স্মারকমূলে জানায় যে সত্য ও জবাবদিহিতা কমিশনে মার্জনা প্রাপ্ত কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করতে বা ইতঃপূর্বে দায়েরকৃত বিভাগীয় মামলা অব্যাহত এবং নিষ্পত্তি করায় কোন বাধা নেই;

এবং

যেহেতু জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান-এর উপরোল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির পর্যায়ভুক্ত হওয়ায় তাকে উক্ত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ০৩/২০১২ রুজু করা হয়;

এবং

যেহেতু বিভাগীয় মামলা চলমান অবস্থায় জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান বিভাগীয় মামলার বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নম্বর ৮১৪/২০১২ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট তদপ্রেক্ষিতে চলমান বিভাগীয় মামলার কার্যক্রম প্রথমে ৩(তিন) মাসের জন্য স্থগিত করায় বিভাগীয় মামলার কার্যক্রম স্থগিত করা হয়। পরবর্তিতে স্থগিতাদেশের মেয়াদ পর্যায়ক্রমে বৃদ্ধি করা হয়। এ পরিস্থিতিতে সরকার রিট পিটিশন নম্বর ৮১৪/২০১২ তে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত গ্রহণ করে। পূর্ণ শুনানীর পর একই বিষয়ে দায়েরী অন্যান্য রিট পিটিশনের সাথে মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নম্বর-৮১৪/২০১২ তে প্রদত্ত Rule গত ৩০-০১-২০১৪ তারিখ খারিজ করেন এবং প্রদত্ত স্থগিতাদেশ প্রত্যাহার করেন। অর্থাৎ এতে সরকার পক্ষে আদেশ হয়;

অপর পাতায় দ্রষ্টব্য

এবং

যেহেতু এ অবস্থায় জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে Civil Petition for Leave to Appeal No. 2948/2014 দায়ের করেন। পরবর্তীতে জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান এর পিটিশন প্রত্যাহারের আবেদনের প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্ট গত ০৯-০১-২০১৭ তারিখ পিটিশন প্রত্যাহারের আবেদন মঞ্জুর করে নিম্নোক্ত আদেশ প্রদান করেন;

The Civil Petition for Leave to Appeal is dismissed as being not pressed;

এবং

যেহেতু এ পরিস্থিতিতে জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান এর বিরুদ্ধে ইতঃপূর্বে রুজুকৃত বিভাগীয় মামলা ০৩/২০১২ স্বয়ংক্রিয়ভাবে চালু হয় এবং তিনি গত ২২-০১-২০১৭ তারিখ তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা প্রকাশ করেন। সে প্রেক্ষিতে গত ২২-০৩-২০১৭ তারিখ তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দি পর্যালোচনা করে গুরুদন্ড প্রদানের অনুকূলে পর্যাপ্ত ভিত্তি থাকায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এবং

যেহেতু তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান-এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় তিনি নির্দোষ মর্মে উল্লেখপূর্বক গত ১৮-১০-২০১৭ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

এবং

যেহেতু মহামান্য হাইকোর্ট ডিভিশন কর্তৃক "স্বপ্রনোদিত তথ্য প্রকাশ অধ্যাদেশ ২০০৮" অবৈধ ও বাতিল ঘোষণা করে এর আওতায় সংঘটিত সকল কার্যক্রম অবৈধ ও বাতিল বলে রায় প্রদান করা হয়;

এবং

সেহেতু এক্ষণে, জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান (পরিচিতি নম্বর ০০৫৪৩৪), নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ০৩/২০১২ হতে অব্যাহতি প্রদানপূর্বক নথিভুক্তির মধ্যমে নিস্পত্তি করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৪/১২/১৭

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০৪২.১১-৩৬৭/১(১৩)

তারিখ : ২৪ ডিসেম্বর ২০১৭
১০ পৌষ ১৪২৪

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u> :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)

*অপর পাতায় দ্রষ্টব্য*

০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৭. যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)

০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)

১১. জনাব আবু সালেহ মো: নুরুজ্জামান (পরিচিতি নম্বর ০০৫৪৩৪), নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

২৪.১২.১৭

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৩৪